শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২৩৩.১৫-৪৬৩ তারিখঃ ০২ আশ্বিন ১৪২৬ / ১৭ সেপ্টেম্বর ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-৭২৫৮/২০১৫ মামলার ২১.০৫.১৯ খ্রি. তারিখের রায়/আদেশের বিরুদ্ধে আপিল দায়েরসহ রায় স্থগিতের বিষয়ে TMED কে অবহিতকরণ।

সূত্র: নিভিয়াঘাটা ফাযিল মাদ্রাসা, নান্দাইল, ময়মনসিংহ এর অধ্যক্ষ কর্তৃক ৩১.০৭,২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলাধীন নিভিয়াঘাটা ফাযিল মাদ্রাসায় অধ্যক্ষ পদে জনাব মো: আফতাব উদ্দিন কর্তৃক গত ১২.০৪.২০১১ তারিখে যোগদান করা হয়।

০২। যোগদানের পর সকল কাগজপত্রসহ এমপিওভুক্তির জন্য মাউশি অধিদপ্তরে প্রেরণ করা হলে (প: পৃ: ২১) মাউশি অধিদপ্তর কর্তৃক গত ফেব্রয়ারি/১২ মাসে বর্ণিত অধ্যক্ষের এমপিও চালু করা হয় (যা যোগদানের ০৯ মাস ১৭ দিন পর)।

০৩। বর্ণিত অধ্যক্ষ উক্ত সময়ে (০৯ মাস ১৭ দিন) বেতন ভাতা ব্যতীত কলেজের যাবতীয় কার্য সম্পাদন করেছেন। তিনি আর্থিক কষ্টে জীবন-যাপন করছেন মর্মে উল্লেখপূর্বক অধ্যক্ষ কর্তৃক ১২.০৪.১১ হতে ৩১.০১.১২ পর্যন্ত সময়ে বেতন ভাতা (এমপিও) ছাড়করণের ব্যবস্থা গ্রহণের জন্য গত ২১.০১.২০১৩ তারিখে সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবর আবেদন করা হয়।

০৪। উক্ত আবেদনের বিষয়ে কোন প্রতিকার না পাওয়ায় অধ্যক্ষ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৭২৫৮/২০১৫ দায়ের করা হয়। উক্ত মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ২১.০৫.১৯ তারিখে নিম্নরুপ রায়/আদেশ প্রদান করা হয়:

The respondents are directed to pay the petitioner his arrears of salary under the MPO from 12.04.2011 to 31.01.2012 witnin 60 (sixty) days from the date of receipt of a copy of this judgment.

০৬। এছাড়া রায়ের ৩নং পাতায় নিম্নরুপ উল্লেখ করা হয়:
None appears to oppose the Rule.
অর্থাৎ আলোচ্য রিট মামলায় সরকার পক্ষে কোন পদক্ষেপ নেয়া হয়নি।

০৭। উক্ত রিট মামলার রায়ের কপি সংযুক্ত করে রিট মামলার রায় বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বর্ণিত অধ্যক্ষ কর্তৃক সূত্রমূলে সচিব, TMED বরাবর আবেদন করা হয়।

০৮। বর্ণিত রিট মামলায় সরকার পক্ষ তথা DME কর্তৃক কোনরুপ জবাব (affidavit-in-opposition) প্রদান না করায় সরকারের বিপক্ষে রায় ঘোষিত হয়েছে।

০৯। উক্ত রিট মামলার রায় সরকারের বিপক্ষে ঘোষিত হওয়ায় জরুরিভিত্তিতে আপীল দায়েরসহ রায় স্থগিত করা প্রয়োজন। অন্যথায় সরকারের স্বার্থ ক্ষুন্ন হওয়ার প্রবল আশংকা বিদ্যমান। The Supreme court of Bangladesh (Appellate Division) Rules 1998 এর Order xiii অনুযায়ী আপীল দায়েরের মেয়াদ ৬০ দিন।

১০। এক্ষণে নিম্নরুপ ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক:

(ক) রিট পিটিশন নং-৭২৫৮/২০১৫ মামলায় ২১.০৫.১৯ তারিখের রায়/আদেশের বিরুদ্ধে আগামী ২৫.০৯.২০১৯ খ্রি. তারিখের মধ্যে রায় স্থগিতসহ আপীল দায়ের নিশ্চিতক্রমে সিভিল পিটিশন (CP) নম্বর উল্লেখপূর্বক আপীল দায়ের সংক্রান্ত প্রমাণকসহ তথ্যাদি টিএমইডিকে অবহিতির জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

(খ) বর্ণিত রিট মামলায় সরকার পক্ষে জবাব (affidavit in opposition) দাখিল না করার কারণ জানানোর জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপিঃ
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অফিস কপি/মাস্টার কপি।